

**PHILOSOPHY**  
**( New Syllabus )**  
**2024**

Total Time : 3 Hours 15 minutes ]

[ Total Marks : 80

- ★ পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে।
- ★ **Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting. Figures in the margin indicate full marks for the questions.**
- ★ **संक्षिप्त तथा बिंदुवार (सटीक) उत्तर के लिए विशेष अंक दिया जायेगा। वर्तनी अशुद्धि, अव्यवस्थित तथा खराब लिखावट के मामले में अंक काटा जायेगा। उपांत के अंक पूर्णांक के द्योतक हैं।**

নির্দেশাবলি :

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা 36.
- এই প্রশ্নপুস্তিকাটি ত্রিভাষিক — বাংলা, ইংরাজী এবং হিন্দী। যদি কোনো ক্ষেত্রে সন্দেহ বা বিভ্রান্তির সৃষ্টি হয়, সেক্ষেত্রে ইংরাজী ভাষাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেরই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।

ভাষান্তর/Versions / ভাষা	পৃষ্ঠা থেকে/From Page/পৃষ্ঠা সৈ	পৃষ্ঠা পর্যন্ত /To Page/পৃষ্ঠা तक
বাংলা/Bengali/বাংলা	3	13
ইংরাজী/English/অংরেজী	14	24
হিন্দী/Hindi /हिन्दी	25	35

- এই প্রশ্নপুস্তিকার ২ নং পৃষ্ঠায় প্রদত্ত হিন্দী এবং ইংরাজী নির্দেশাবলি পড়ো।
- **READ THE INSTRUCTIONS IN HINDI & ENGLISH AT PAGE NO. 2 OF THIS QUESTION BOOKLET.**
- प्रश्न पुस्तिका के पृष्ठ 2 पर दिये गये हिन्दी तथा अंग्रेजी में निर्देशों को पढ़ें।

[sciencemaster.in](http://sciencemaster.in)



বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির (MCQ) এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির (SAQ) উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো TABLE-এ লিখতে হবে।

( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি )

1. বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :  $1 \times 24 = 24$

(i) বৈধ অবরোধ যুক্তির সকল আশ্রয়বাক্য সত্য হলে সিদ্ধান্তটি অবশ্যই ..... হবে।

- (a) সত্য (b) মিথ্যা  
(c) অনিশ্চিত (d) স্ববিরোধী।

(ii) “বৈধ অবরোধ যুক্তির সিদ্ধান্ত সত্য হতে পারে আবার মিথ্যাও হতে পারে।”  
— এই বিবৃতিটি —

- (a) সত্য (b) মিথ্যা  
(c) অনিশ্চিত (d) স্ববিরোধী।

(iii) একটি যুক্তির আশ্রয়বাক্যের সাহায্যে যাকে প্রমাণ করা হয়, তা হলো —

- (a) অঙ্গবাক্য (b) পূর্বগ  
(c) সিদ্ধান্ত (d) এদের কোনোটিই নয়।

(iv) I বচনে যে পদটি ব্যাপ্য হয়, তা হলো —

- (a) উদ্দেশ্য (b) বিধেয়  
(c) প্রধান (d) এদের কোনোটিই নয়।



- (v) দ্বি-মূল্য যুক্তিবিজ্ঞানে একটি বচন সর্বদাই ..... হয় ।
- (a) সত্য বা মিথ্যা (b) বৈধ বা অবৈধ
- (c) নিশ্চিত বা সম্ভাব্য (d) ব্যাপ্য বা অব্যাপ্য ।
- (vi) নিরপেক্ষ বচনের বিরোধিতার প্রধান শর্ত হলো, বচন দুটির মধ্যে —
- (a) কেবলমাত্র গুণের পার্থক্য থাকবে
- (b) কেবলমাত্র পরিমাণের পার্থক্য থাকবে
- (c) গুণ ও পরিমাণ উভয়ের পার্থক্য থাকবে
- (d) উদ্দেশ্য ও বিষয়ে এক হবে ।
- (vii) নিরপেক্ষ বচনের বিরোধানুমান হল এক প্রকার —
- (a) ন্যায় অনুমান (b) আরোহ অনুমান
- (c) মাধ্যম অনুমান (d) অমাধ্যম অনুমান ।
- (viii) 'A00' মূর্তিটি বৈধ হয় ..... সংস্থানে ।
- (a) প্রথম (b) দ্বিতীয়
- (c) তৃতীয় (d) চতুর্থ ।
- (ix) একটি বৈধ নিরপেক্ষ ন্যায় অনুমানের একটি আশ্রয়বাক্য বিশেষ নঞর্থক হলে, সিদ্ধান্তটি হবে —
- (a) বিশেষ নঞর্থক (b) বিশেষ সদর্থক
- (c) সামান্য নঞর্থক (d) সামান্য সদর্থক ।



(x) প্রাকল্পিক নিরপেক্ষ ন্যায় অনুমানে যদি অনুগকে স্বীকার করে পূর্বগকে স্বীকার করা হয়, তবে যুক্তিটি হবে —

- (a) অবৈধ, অনুগ স্বীকৃতি জনিত দোষ
- (b) বৈধ, M.T.
- (c) অবৈধ, পূর্বগ অস্বীকৃতি জনিত দোষ
- (d) বৈধ, M.P.





(xi) “হয় লক একজন বুদ্ধিবাদী দার্শনিক অথবা লক একজন অভিজ্ঞতাবাদী দার্শনিক। লক নন বুদ্ধিবাদী দার্শনিক। সুতরাং, লক হন অভিজ্ঞতাবাদী দার্শনিক।” — উপরোক্ত যুক্তিটি —

- (a) বৈধ
- (b) অবৈধ
- (c) সম্ভাব্য
- (d) অনিশ্চিত।

(xii) “সকল অ-S হয় অ-P” — বচনটির বুলীয় ভাষ্য হলো —

- (a)  $S\bar{P} = O$
- (b)  $\bar{S}P = O$
- (c)  $S\bar{P} \neq O$
- (d)  $SP \neq O$ .

(xiii) “সব দার্শনিকই ঈশ্বর বিশ্বাসী নন।” — এই বচনটির অনুসারী ভেনচিত্রটি হলো (যদি S = দার্শনিকের শ্রেণী এবং P = ঈশ্বর বিশ্বাসী মানুষের শ্রেণী হয়।) —



(xiv) '~ আজ শুক্রবার' — একটি —

- (a) নিরপেক্ষ বচন (b) সত্যাপেক্ষক যৌগিক বচন  
(c) অসত্যাপেক্ষক যৌগিক বচন (d) সরল বচন ।

(xv) যদি ' $p \supset q$ ' মিথ্যা হয় তাহলে ' $p \vee q$ '-এর সত্যমূল্য হবে —

- (a) সত্য (b) মিথ্যা  
(c) অনিশ্চিত (d) এদের কোনোটিই নয় ।

(xvi) যে যৌগিক বচনের সত্য সারণীর সবগুলি নিবেশন দৃষ্টান্ত মিথ্যা হয়, তার বচনাকারটি হবে —

- (a) স্বতঃ সত্য (b) স্বতঃ মিথ্যা  
(c) আপাতিক (d) এদের কোনোটিই নয় ।

(xvii) লৌকিক আরোহ অনুমানকে 'শিশুসুলভ' বলেছেন —

- (a) মিল (b) জনসন  
(c) হবস্ (d) বেকন ।

(xviii) আরোহ যুক্তির একটি প্রধান বৈশিষ্ট্য হলো, এই অনুমানের সিদ্ধান্তটি —

- (a) আশ্রয়বাক্য থেকে অনিবার্যভাবে নিঃসৃত হয়  
(b) আশ্রয়বাক্যকে অতিক্রম করে যায়  
(c) একটি বিশ্লেষক বচন হয়  
(d) এদের কোনোটিই নয় ।



(xix) প্রাসঙ্গিক সাদৃশ্যের উপর ভিত্তি করে গড়ে ওঠা আরোহ অনুমানটি হলো —

(a) বৈজ্ঞানিক আরোহ অনুমান

(b) অবৈজ্ঞানিক আরোহ অনুমান

(c) উপমা যুক্তি

sciencemaster.in

(d) এদের কোনোটিই নয় ।

(xx) শক্তির অবিদ্যমানতা সূত্র হলো —

(a) কারণের গুণগত লক্ষণ

(b) কারণের পরিমাণগত লক্ষণ

(c) আবশ্যিক শর্তরূপে কারণ

(d) পর্যাপ্ত শর্তরূপে কারণ ।

(xxi) “অতিবৃষ্টি হলো বন্যার কারণ”— এখানে ‘কারণ’ কথাটি যে অর্থ নির্দেশ করেছে, তা হলো —

(a) পর্যাপ্ত শর্তরূপে কারণ

(b) আবশ্যিক শর্তরূপে কারণ

(c) আবশ্যিক-পর্যাপ্ত শর্তরূপে কারণ

(d) এদের কোনোটিই নয় ।

(xxii) এক কারণবাদ কে সমর্থন করেন ?

(a) অ্যারিস্টটল

(b) মিল

(c) বেইন

(d) কোপি ।



(xxiii) মিল তাঁর ..... বইতে আরোহমূলক অনুসন্ধান পদ্ধতিগুলি আলোচনা করেছেন ।

- (a) ইন্ডাক্টিভ লজিক (Inductive Logic)
- (b) এ সিস্টেম অফ লজিক (A System of Logic)
- (c) ল্যাঙ্গুয়েজ, ট্রুথ অ্যান্ড লজিক (Language, Truth and Logic)
- (d) লজিক অফ রীজন্ (Logic of Reason).

(xxiv) দ্বৈত অম্বয়ী পদ্ধতি হলো —

- (a) অম্বয়ী পদ্ধতি
- (b) ব্যতিরেকী পদ্ধতি
- (c) অম্বয়ী-ব্যতিরেকী পদ্ধতি
- (d) সহপরিবর্তন পদ্ধতি ।

( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি )

2. নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :

[sciencemaster.in](http://sciencemaster.in)

1 × 16 = 16

(i) একটি যুক্তি কখন অবৈধ হয় ?

অথবা

অবরোহ যুক্তি বলতে কী বোঝো ?



- (ii) যদি 'O' বচন সত্য হয় তাহলে তার বিরুদ্ধ বিরোধী বচনের সত্যমূল্য কী হবে ?

অথবা

“মানুষ অসৎ হতে পারে।” — এই বচনটির অসম বিরোধী বচন নির্ণয় করো।

- (iii) অ্যারিস্টটলের মতে বচনের বিরোধিতা কয় প্রকার ও কি কি ?  
(iv) বিরুদ্ধ পদ কাকে বলে ?

অথবা

“কোনো বস্তুই যুগপৎ ভালো এবং উত্তেজক নয়।” — বচনটির ব্যবর্তন করো।

- (v) একটি গঠনমূলক প্রাকল্পিক নিরপেক্ষ ন্যায় কখন বৈধ হয় ?  
(vi) বিসংবাদী বিকল্প বলতে কী বোঝো ?

অথবা

একটি বিসংবাদী বৈকল্পিক বচনের উদাহরণ দাও।

- (vii) পরিপূরক শ্রেণি কাকে বলে ?

অথবা

শূন্যগর্ভ শ্রেণি কাকে বলে ?

- (viii) ভেনচিত্রে প্রকাশ করো :

“অ-ধার্মিক কবি আছেন।” (যদি  $P$  = ধার্মিক শ্রেণী এবং  $S$  = কবি শ্রেণী হয়)

sciencemaster.in





(ix) কোন কোন প্রকার সত্যাপেক্ষক যৌগিক বচন অনন্য মূল্যে সত্য হয় ?

অথবা

একটি সত্য সারণী গঠনের পিছনে মধ্য সম্ভাবনা রহিত নিয়মটির (Law of Excluded middle) বক্তব্য কী ?

(x) একটি বৈকল্পিক বচনের নিষেধ কী বচন হয় ?

(xi) আরোহ অনুমানের আকারগত ভিত্তি কী কী ?

(xii) সামান্যিকরণ বলতে কী বোঝো ?

sciencemaster.in

অথবা

বৈজ্ঞানিক আরোহ অনুমানের সিদ্ধান্ত কিরূপ বচন ?

(xiii) একটি মন্দ উপমায়ুক্তির উদাহরণ দাও।

অথবা

উপমায়ুক্তির মূল্যায়নের একটি মানদণ্ড উল্লেখ করো।

(xiv) আবশ্যিক শর্তের একটি উদাহরণ দাও।

(xv) মিল স্থায়ী কারণ বলতে কী বুঝিয়েছেন ?

অথবা

বহু কারণবাদের সমর্থক কারা ?

(xvi) কার্ভেথ রীড় কিভাবে কারণের সংজ্ঞা দিয়েছেন ?



( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলি )

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :  $8 \times 5 = 40$

(a) বচন কাকে বলে ? উদাহরণ সহযোগে বচন ও বাক্যের মধ্যে পার্থক্য করো।  
একটি নিরপেক্ষ বচনের সংযোজকের কাজ কী ?  $2 + 4 + 2$

অথবা

নীচের বাক্যগুলিকে তর্কবিদ্যাসম্মত আকারে রূপান্তরিত করে কোন্ পদ ব্যাপ্য ও কোন্ পদ অব্যাপ্য নির্দেশ করো :  $(1 + \frac{1}{2} + \frac{1}{2}) \times 4$

(i) যে তরবারি ধারণ করবে সে তরবারির দ্বারাই বিনষ্ট হবে।

(ii) অসফল ডাক্তার আছেন।

(iii) কদাচিৎ জ্ঞানী ব্যক্তির অসম্মানিত হন।

(iv) দুই আর দুই-এ পাঁচ হয় না।

(b) অমাধ্যম অনুমান কাকে বলে ? দৃষ্টান্তসহ মাধ্যম ও অমাধ্যম অনুমানের মধ্যে পার্থক্য দেখাও। অমাধ্যম অনুমানকে কী প্রকৃত অনুমান বলা যায় ?  $2 + 4 + 2$

অথবা [sciencemaster.in](http://sciencemaster.in)

নিম্নলিখিত বাক্যগুলিকে তর্কবিদ্যাসম্মত আকারে রূপান্তরিত করে আবর্তনের বিবর্তন করো :  $(1 + \frac{1}{2} + \frac{1}{2}) \times 4$

(i) বেশিরভাগ মানুষই স্বার্থপর।

(ii) সং ব্যক্তির কখনও পরাজিত হন না।

(iii) সব ছাত্রই সাহসী হয় না।

(iv) কেবলমাত্র দার্শনিকেরা প্রকৃত জ্ঞানী।

(c) নিম্নলিখিত যুক্তিগুলিকে আদর্শ যৌক্তিক আকারে রূপান্তরিত করে তাদের মূর্তি ও সংস্থান উল্লেখ করো এবং প্রত্যেকটির বৈধতা বিচার করো : 4 + 4

(i) অভীকবাবু অবশ্যই জ্ঞানী কেননা কেবলমাত্র জ্ঞানী ব্যক্তিরাই ভালো অধ্যাপক এবং অভীক বাবু একজন ভালো অধ্যাপক ।

(ii) যেহেতু অজয় স্নাতক নন সেহেতু অজয় এই পদের যোগ্য নন ।

অথবা

**sciencemaster.in**

প্রমাণ করো যে —

4 + 4

(i) মধ্যপদটি (হেতুপদটি) প্রথম ও দ্বিতীয় সংস্থানে উভয় আশ্রয়বাক্যে ব্যাপ্য হতে পারে না ।

(ii) কোনো বৈধ নিরপেক্ষ ন্যায় অনুমানের চতুর্থ সংস্থানে ০ বচন প্রধান আশ্রয়বাক্য হতে পারে না ।

(d) মিলের ব্যতিরেকী পদ্ধতি ব্যাখ্যা করো । [ সংজ্ঞা, আকার, দৃষ্টান্ত, সুবিধা (২টি), অসুবিধা (২টি) ] 1 + 2 + 1 + 2 + 2

অথবা

“সোনার চাহিদা যত বাড়ছে ততই তার ক্রয়মূল্য উর্ধ্বমুখী হচ্ছে, সুতরাং চাহিদা বৃদ্ধি সোনার ক্রয়মূল্য উর্ধ্বমুখী হওয়ার কারণ ।” — এখানে মিলের কোন্ পদ্ধতি প্রয়োগ করা হয়েছে ? পদ্ধতিটি ব্যাখ্যা করো । [ চিহ্নিতকরণ, সংজ্ঞা, আকার, সুবিধা (২টি), অসুবিধা (২টি) ] 1 + 1 + 2 + 2 + 2



(c) নীচের আরোহী যুক্তিগুলি বিচার করো ও কোনো দোষ থাকলে তা উল্লেখ করো : 4 + 4

- (i) সাপের কামড় থেকে মৃত্যু হয়, সুতরাং সব সাপ হয় বিষধর ।
- (ii) মানুষের মতো গাছেরও প্রাণ আছে, সুতরাং মানুষের মত গাছেরও বুদ্ধি আছে ।

অথবা

নিম্নলিখিতগুলির উপর সংক্ষিপ্ত টীকা লেখো : 4 + 4

- (i) কাকতালীয় দোষ
- (ii) একটি আবশ্যিক শর্তকে সমগ্র কারণ হিসেবে গণ্য করা জনিত দোষ ।

[sciencemaster.in](http://sciencemaster.in)

